# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৭০

১/ বিবিধ

আরবী

قوام المرء عقله، ولا دين لمن لا عقل له
موضوع

ذكره السيوطي في " ذيل الأحاديث الموضوعة " (ص 6) فقال: قال الحارث: حدثنا داود حدثنا نصر بن طريف عن ابن جريج عن أبي الزبير عن جابر مرفوعا
قلت: أخرجه ابن عدي في " الكامل " (3 / 796) وابن النجار في " ذيل تاريخ بغداد " (ج 10 ق 109 / 2) والرافعي في " أخبار قزوين " (4 / 90) عن الحارث به، وسكت السيوطي على هذا السند لوضوح علته، وذلك لأن داود هذا هو ابن المحبر صاحب كتاب " العقل " قال الذهبي: وليته لم يصنفه، وروى عبد الغني بن سعيد عن الدارقطني قال: كتاب " العقل " وضعه ميسرة بن عبد ربه، ثم سرقه منه داود بن المحبر فركبه بأسانيد غير أسانيد ميسرة، ثم قال السيوطي: أخرجه البيهقي من طريق حامد بن آدم عن أبي غانم عن أبي الزبير به وقال: تفرد به حامد وكان متهما بالكذب
قلت: ومع هذا أورده في " الجامع الصغير " برواية البيهقي دون أن يذكر ما أعله به! وقد تعقبه المناوي بقوله: فكان على المصنف حذفه، وليته إذ ذكره لم يحذف من كلام مخرجه علته! والحديث عند البيهقي في " شعب الإيمان " (2 / 23 / 2) وقد ذكره السيوطي في موضع آخر من " الجامع " بلفظ: " دين المرء عقله، ومن لا عقل له لا دين له "، وقال: رواه أبو الشيخ في " الثواب "، وابن النجار عن جابر

ولم يتكلم الشارح عليه بشيء، غير أنه قال: ورواه عنه الديلمي أيضا والظاهر أن الطريق واحد، والله أعلم. وقد تقدم الحديث بنحوه، وهو الحديث الأول ثم تبين أنه من رواية عمير بن عمران الحنفي عن ابن جريج به وسوف يأتي تخريجه برقم (3603)

বাংলা

৩৭০। মানুষের মূল্যায়ন তার জ্ঞানে। যার জ্ঞান নেই তার কোন ধর্মও নেই।

হাদীসটি জাল।

এটিকে সুয়ূতী তার “যায়লুল আহাদীসিল মাওযুআহ” গ্রন্থে (পৃ. ৬) উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটি ইবনু আদী “আল-কামিল” গ্রন্থে (৩/৭৯৬), ইবনুন নাজ্জার “যায়লু তারীখে বাগদাদ” গ্রন্থে (১০/কাফ ২/১০৯) এবং রাফেঈ "আখবারু কাযবীন" গ্রন্থে (৪/৯০) হারিস হতে, তিনি দাউদ হতে ... বর্ণনা করেছেন।

সনদটির কারণ স্পষ্ট হওয়ায় সুয়ূতী চুপ থেকেছেন। কেননা এ দাউদ হচ্ছেন ইবনুল মুহাব্বার, ’আকল’ নামক গ্রন্থের রচনাকারী। যাহাবী বলেনঃ সম্ভবত তিনি এটি রচনা করেননি।

দারাকুতনী বলেন, ’আকল’ গ্রন্থটি তৈরি করেছেন মায়সারা ইবনু আব্দি রাব্বিহি। অতঃপর তার থেকে দাউদ ইবনুল মুহাব্বার তা চুরি করে মায়সারার সনদ বাদ দিয়ে অন্য সনদের সাথে হাদীসগুলোকে জড়িয়ে দেন।

সুয়ূতী বলেনঃ বাইহাকী হামেদ ইবনু আদম সূত্রে হাদীসটি বর্ণনা করে বলেছেনঃ হামেদ এককভাবে এটি বর্ণনা করেছেন। তিনি মিথ্যার দোষে দোষী ছিলেন।

আমি (আলবানী) বলছিঃ তা সত্ত্বেও সুয়ুতী বাইহাকীর বর্ণনায় "জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। বাইহাকী কর্তৃক হামেদ সম্পর্কে মন্তব্যটি উল্লেখ না করেই।

এ জন্য মানবী তার সমালোচনা করে বলেছেনঃ কিন্তু তিনি যদি বাইহাকী কর্তৃক বর্ণিত হাদীসটির সমস্যার কথাটি উহ্য না করে উল্লেখ করতেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67955

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন